

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
সামাজিক বন বিভাগ, ফরিদপুর।

বিজ্ঞপ্তি নং ০৭/২০২৪-২০২৫

তারিখ- ২৩/০২/২০২৫

“বৃক্ষরোপণে জাতীয় পুরস্কার- ২০২৪” প্রদানের বিজ্ঞপ্তি।

এতদ্বারা ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, মাদারীপুর ও শরীয়তপুর জেলার সকল জনসাধারণ, শিক্ষা/ধর্মীয় প্রতিষ্ঠান, সরকারী/ আধাসরকারী, স্বায়ত্বশাসিত সংস্থা, বৃক্ষ গবেষণা/ সংরক্ষণ/ উদ্ভাবনে সংশ্লিষ্ট ব্যক্তি/ প্রতিষ্ঠান ও এনজিও প্রধানগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বৃক্ষরোপণে জাতীয় পুরস্কার- ২০২৪ প্রদান করার জন্য আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠান প্রধানগণের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে। অত্র দপ্তর এবং ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, মাদারীপুর ও শরীয়তপুর জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরসহ সামাজিক বন বিভাগ, ফরিদপুর এর আওতাধীন পূর্বগংগাবদী, ফরিদপুর/ রাজবাড়ী/ গোপালগঞ্জ/ মাদারীপুর/ শরীয়তপুর সামাজিক বনায়ন ও নার্সারী প্রশিক্ষণ কেন্দ্র (এসএফএনটিসি) এর ভারপ্রাপ্ত কর্মকর্তার দপ্তর এবং তার অধীনস্থ উপজেলা সামাজিক বনায়ন বাগান কেন্দ্রে (এসএফপি) আবেদন ফরম পাওয়া যাবে। তাছাড়া www.bforest.gov.bd এই ওয়েব সাইট থেকে আবেদন ডাউনলোড করা যাবে। আগ্রহী ব্যক্তি/সংস্থাকে প্রতিটি শ্রেণীর জন্য পৃথক পৃথক আবেদন ফরম যথাযথভাবে পূরণ পূর্বক আবেদনকারীর ছবি, বাগান/বনায়নের ছবি ও অন্যান্য প্রয়োজনীয় ডকুমেন্টসহ সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা/সংশ্লিষ্ট জেলা পর্যায়ের এসএফএনটিসি সমূহের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট আগামী ০৩/০৩/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

পুরস্কারের জন্য পদকের শ্রেণি ও সংখ্যাঃ


নিম্নলিখিত ০৭ (সাত) টি শ্রেণির জন্য পুরস্কার প্রদান করা হবেঃ

পুরস্কারের শ্রেণি	
ক.	প্রাথমিক বিদ্যালয়/ উচ্চ বিদ্যালয়/ এবতেদায়ী/ মাদ্রাসা/ সিনিয়র মাদ্রাসা/ কলেজ/ বিশ্ববিদ্যালয়
খ.	ইউনিয়ন পরিষদ/উপজেলা পরিষদ/জেলা পরিষদ/ পৌরসভা/ সিটি কর্পোরেশন/ অধিদপ্তর/পরিদপ্তর/সেক্টর কর্পোরেশন/প্রতিষ্ঠান/ এনজিও/ক্লাব/স্বেচ্ছাসেবী সংস্থা
গ.	ব্যক্তিগত পর্যায়ে বৃক্ষরোপণ
ঘ.	ব্যক্তি মালিকানাধীন নার্সারী
ঙ.	ব্যক্তিগত/প্রাতিষ্ঠানিক পর্যায়ে সৃজিত ছাদ বাগান
চ.	বন বিভাগ কর্তৃক সৃজিত বাগান
ছ.	বৃক্ষ সম্পর্কিত গবেষণা/সংরক্ষণ/উদ্ভাবন

(মোহাম্মদ গোলার্ম কুদ্দুছ ডুইয়া)
বিভাগীয় বন কর্মকর্তা
সামাজিক বন বিভাগ, ফরিদপুর
ফোন-০২-৪৭৮৮০৩০৮৩
ইমেইল-dfosfdf@gmail.com

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৩. উপ-প্রধান বন সংরক্ষক, সামাজিক বন উইং, ঢাকা।
৪. বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, যশোর।
৫. বন সংরক্ষক, কেন্দ্রীয় অঞ্চল, বন ভবন, মহাখালী, ঢাকা ও সদস্য- সচিব বৃক্ষরোপণে জাতীয় পুরস্কার, ২০২৪ প্রদান সংক্রান্ত বিভাগীয় কমিটি, ঢাকা।
৬. জেলা প্রশাসক, ফরিদপুর /রাজবাড়ী /গোপালগঞ্জ /মাদারীপুর /শরীয়তপুর ও সভাপতি, বৃক্ষরোপণে জাতীয় পুরস্কার- ২০২৪ প্রদান সংক্রান্ত জেলা কমিটি।
৭. উপজেলা নির্বাহী কর্মকর্তা,----- উপজেলা-----জেলা ও সভাপতি, বৃক্ষরোপণে জাতীয় পুরস্কার- ২০২৪ প্রদান সংক্রান্ত উপজেলা কমিটি।
৮. সহকারী বন সংরক্ষক, সামাজিক বনায়ন জোন, ফরিদপুর/মাদারীপুর/গোপালগঞ্জ।
৯. ভারপ্রাপ্ত কর্মকর্তা, পূর্বগংগাবর্দী, ফরিদপুর/ রাজবাড়ী/ গোপালগঞ্জ/ মাদারীপুর/ শরীয়তপুর এসএফএনটিসি। অত্র বিজ্ঞপ্তি তার অধিক্ষেত্রাধীন নার্সারী ও বনায়নে সম্পৃক্ত ব্যক্তি/ প্রতিষ্ঠানকে প্রদান সহ সংশ্লিষ্ট সকলকে গোচরীভূত করানোর জন্য এবং ব্যক্তিগত উদ্যোগে প্রতিটি শ্রেণীতে প্রাপ্ত আবেদন সমূহ ও আবেদনের তথ্যাদি সরেজমিনে পরিদর্শন করতঃ উপজেলা কমিটিতে উপস্থাপন করে যাচাই-বাছাই পূর্বক মূল্যায়ন প্রতিবেদন কমিটির সুপারিশসহ তারিখের মধ্যে জেলা কমিটিতে উপস্থাপন করে সিদ্ধান্ত/সুপারিশ সভার কার্যবিবরণী ও অন্যান্য ডকুমেন্টসহ আগামী ৩১/০৩/২০২৫ তারিখের মধ্যে আবশ্যিকভাবে এ দপ্তরে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশ দেয়া হলো।
১০. ফরেস্টার-----উপজেলা/এসএফপিসি-----জেলা। অত্র বিজ্ঞপ্তি তার অধিক্ষেত্রাধীন বনায়নে সম্পৃক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানপ্রদান সহ সংশ্লিষ্ট সকলকে গোচরীভূত করানোর জন্য এবং ব্যক্তিগত উদ্যোগ গ্রহণ পূর্বক প্রতিটি শ্রেণীতে আবেদন সংগ্রহ করতঃ সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট দাখিল করার জন্য তাকে নির্দেশ দেওয়া হলো।
১১. নোটিশ বোর্ড।


২৩/০২/২০২৫

(মোহাম্মদ গোলাম কুদ্দুছ ডুইয়া)
বিভাগীয় বন কর্মকর্তা
সামাজিক বন বিভাগ, ফরিদপুর


২৬/২/২৫